



প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে পিএইচডি যাত্রা শুরু

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পিএইচডি কর্মসূচির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। আজ মঙ্গলবার (৩ সেপ্টেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের মৎস্য ও সমুদ্র বিজ্ঞান বিভাগে দুজন শিক্ষার্থী অন্তর্ভুক্তির মাধ্যমে এ কার্যক্রমের সূচনা হয়। শিক্ষার্থীরা হলেন মো. মাহমুদুল হাসান ও মো. মাহবুবুল আলম শাওন। এ উপলক্ষে তারা নোবিপ্রবির প্রশাসনিক ও আর্থিক দায়িত্বপ্রাপ্ত জ্যেষ্ঠ অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামের সঙ্গে উপাচার্যের কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করে। এসময় মৎস্য ও সমুদ্র বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও পিএইচডি তত্ত্বাবধায়ক ড. আবদুল্লাহ আল মামুনসহ বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

সাক্ষাতকালে অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম পিএইচডি গবেষক শিক্ষার্থী এবং মৎস্য ও সমুদ্র বিজ্ঞান বিভাগের শিক্ষকদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এসময় তিনি নোবিপ্রবিতে পিএইচডি গবেষণা কর্মসূচির শুভ সূচনা ঘোষণা করেন ও এর সার্বিক সফলতা কামনা করেন। এছাড়াও তিনি পিএইচডি'র বর্তমান ভর্তি ফি শিথিলকরণে বিষয়ে সম্যক সম্মতি জ্ঞাপন করেন ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস প্রদান করেন।

প্রসঙ্গত, DANIDA (Danish International Development Agency) এর অর্থায়নে Climate-resilient aquatic food systems for healthy lives of young women and girls in Bangladesh (AQUAFOOD) প্রকল্পের আওতায় নোবিপ্রবিতে পিএইচডি কর্মসূচির যাত্রা শুরু হলো।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪